

পঞ্চম অধ্যায়
প্রোগ্রামিং ভাষা
মডেল-০৬

১. ▶ আবিরের গায়ে প্রচণ্ড জ্বর। ডাক্তার থার্মোমিটার দিয়ে মেপে দেখলেন 105°F । কিন্তু রুমের তাপমাত্রা তখন 30°C ।
- ক. লোলেভেল ল্যাংগুয়েজ কী?
- খ. সি ভাষায় চলকের কিছু নিয়ম আলোচনা কর।
- গ. উদ্দীপকে উল্লিখিত ফারেনহাইটকে সেলসিয়াসে কনভার্ট করার অ্যালগরিদম লিখ।
- ঘ. ফারেনহাইটকে সেলসিয়াসে রূপান্তর করার একটি সি প্রোগ্রাম লেখ যেখানে ফারেনহাইটের মান কীবোর্ড থেকে নেওয়া হবে।

২. ▶ #include(stdio.h)

```
main()
{
int n,i, s=0;
scanf("%d",&n);
for (i=1; i<=n;i=i+2)
{
s=s+i;
}
printf("%d",&s);
}
```

- ক. উৎস প্রোগ্রাম কী ?
- খ. মেশিন ভাষার তিনটি বৈশিষ্ট্য লিখ।
- গ. $n = 15$ হলে s এর মান নির্ণয় কর।
- ঘ. প্রোগ্রামটির Initialization অংশে $i=2$ হলে পরিবর্তনশীল সমস্যাটির অ্যালগরিদম ও ফ্লোচার্ট লিখ।